দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩ ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৪২/২০১৩ তারিখঃ ০৫/০৫/২০১৩খ্রিঃ।
সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি, ২২ বৈশাখ, ১৪২০ বাংলা।

বার্থ অপারেটর ও সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন এর সাথে বন্দরের দৈনন্দিন অপারেশনাল কার্য্যক্রম নিয়ে গত ০৭/০৪/১৩ইং তারিখ টার্মিনাল ম্যানেজার, চবক এর দপ্তরে অনুষ্ঠিত কার্য্যবিবরণী সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-
এম রহমান
উপ-সচিব

---

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
## টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

বার্থ অপারেটর ও সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন এর সাথে বন্দরের দৈনন্দিন অপারেশনাল কার্য্যক্রম নিয়ে গত ০৭/০৪/১৩ইং তারিখ টার্মিনাল ম্যানেজার, চবক এর দপ্তরে অনুষ্ঠিত কার্য্যবিবরণীঃ

০৭/০৪/১৩ইং তারিখে সকাল ১০.০০ ঘটিকায় টার্মিনাল ম্যানেজার চবক এর দপ্তরে পরিচালক (পরিবহন),চবক এর সভাপতিত্বে এটিএম (প্রশাসন), এটিএম (শিঃ ও ইঃ), এটিএম (কন্ট্রোল), টিএম দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা, সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন এর সাধারণ সম্পাদক সহ সাব কমিটির অন্যান্য নেতৃবৃন্দ এবং বার্থ অপারেটর প্রতিনিধিদের মধ্যে এক সভা অনুষ্ঠিত হয়। পরিচালক (পরিবহন), চবক উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্য্যক্রম শুরু করেন। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং ও আলোচ্যসূচীঃ | আলোচিত বিষয় | সিদ্ধান্তঃ |
|---|---|---|
| ১। LCL কন্টেইনার এর মালামাল এর সঠিক খামাল প্রদান। | সিএন্ডএফ এজেন্ট এর প্রতিনিধিগণ অভিযোগ করেন যে এলসিএল কন্টেইনার আনষ্টাফিং হওয়ার পর অনেক সময় প্যালেট ভেঙ্গে ফেলা হয় এবং মালামাল মার্কা অনুযায়ী খামাল দেয়া হলেও ২/১ টি মালামাল অন্য জায়গায়ও সংরক্ষণ করে রাখা হয়। এছাড়া প্যালেটভূক্ত মালামাল প্যালেট ভেঙ্গে ফেলে একাধিক প্যাকেজ হিসাবেও টালী করে রাখা হয়, ফলে ডেলিভারীর সময় জটিলতার সৃষ্টি হয়। এব্যাপারে পূর্বের ন্যায় একটি মনিটরিং কমিটি গঠনের জন্য অনুরোধ করেন। | এলসিএল কন্টেইনার আনষ্টাফিং হওয়ার পর মালামাল সংরক্ষণের বিষয়টি তদারকি করার জন্য সংশ্লিষ্ট সিএফএস শেড এর টিআই দেরকে নির্দেশ দেয়া হয়েছে। তাছাড়া এ বিষয়ে সংশ্লিষ্ট বার্থ অপারেটরগন তাদের সুপারভাইজারদেরকে প্রয়োজনীয় নির্দেশনা দিবেন। ভবিষ্যতে আনষ্টাফিং সংক্রান্ৎ যে কোন বিষয়ে সরাসরি এটিএম (কন্ট্রোল), চবক কে অবহিত করবেন এবং তিনি তা সমাধাণের ব্যবস্থা নেবেন। এটিএম (কন্ট্রোল ও সি এন্ড এফ প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে। |
| ২। বার্থ অপারেটর এর ডেলিভারী শ্রমিক কর্তৃক সিএন্ডএফ এজেন্টের নিকট অতিরিক্ত অর্থ দাবি। | বার্থ অপারেটর শ্রমিকদের মজুরী শতকরা বিশ ভাগ বাড়ালেও ডেলভারী শ্রমিকদের মালামাল ডেলিভারী দেয়ার সময় সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এর নিকট অতিরিক্ত টাকা দাবি করে থাকে এ ক্ষেত্রে বার্থ অপারেটরদের প্রতিনিধিদেরকে ফোন করেও কোন সুরাহা পাওয়া যায় না। | সিএন্ডএফ এজেন্ট তাদের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক শ্রমিকের জন্য শ্লীপ কাটবেন। এ ক্ষেত্রে কোন অতিরিক্ত অর্থ দাবী করা যাবে না। বিষয়টি দেখাশুনা করার জন্য বার্থ অপারেটরগন তাদের নিজস্ব লোক নিয়োজিত করবেন। তিনি বিষয়টি তাৎক্ষনিক সমাধান করবেন। এছাড়া প্রত্যেক বার্থ অপারেটর এর একজন করে উর্ধ্বতন নির্বাহীর মোবাইল নাম্বার দেয়া হয়েছে। এ বিষয়ে তারা তাৎক্ষণিক ব্যবস্থা নেবেন। |
| ৩। এসাইনমেন্টভূক্ত FCL কন্টেইনার নির্ধারিত ইয়ার্ড এর পরিবর্তে অন্য ইয়ার্ডে পাওয়া। | এসাইনমেন্টভূক্ত FCL কন্টেইনার নির্ধারিত ইয়ার্ড এর পরিবর্তে অন্য ইয়ার্ডে পাওয়া যায়। যার ফলে সংশ্লিষ্ট ইয়ার্ড থেকে এফসিএল শাখায় এসে এসাইনমেন্ট সংশোধন করে নিতে হয়। এতে ডেলিভারী দিতে সমস্যা হয়। | আর্এল ও সিটিএমএস প্ল্যান অনুযায়ী নির্ধারিত ইয়ার্ডে যথাযথভাবে কন্টেইনার সংরক্ষনের বিষয়টি নিশ্চিৎ করার জন্য বার্থ অপারেটরদের নির্দেশ দেয়া হয়েছিল। এ ক্ষেত্রে যথেষ্ঠ উন্নতি হয়েছে মর্মে সভায় জানানো হয়। এ উন্নতি ধরে রাখতে সংশ্লিষ্ট সকলে প্রচেষ্টা অব্যাহত রাখবে। |

অপর পাতায় দ্রঃ

| ক্রমিক নং ও আলোচ্যসূচীঃ | আলোচিত বিষয় | সিদ্ধান্তঃ |
|---|---|---|
| ৪। সিসিটি ও এনসিটি ইয়ার্ডের ফর্কলিফট কার্গো ডেলিভারীর জন্য নির্দ্দিষ্ট স্থান নির্ধারনঃ | সিসিটি ও এনসিটি ইয়ার্ডের ফর্কলিফট কার্গো ডেলিভারীর জন্য নির্দ্দিষ্ট একটি স্থান নির্ধারন করা প্রয়োজন। বর্তমানে ইয়ার্ডের বিভিন্ন স্থানে ঐ সকল কার্গো ডেলিভারী দিতে গেলে গাড়ি প্লেস করার সমস্যায় পড়তে হয়। | সিসিটি এনসিটি ইয়ার্ডের ফর্কলিফট কার্গোগুলি এক জায়গা থেকে ডেলিভারীর জন্য স্থান চিহ্নিত করা হয়েছে। সহসাই লোকেশান মার্ক করে দেয়া হবে। Assignment এর পরিমান অত্যাধিক হলে তা দেখে উক্ত লোকশানের বাইরেও ডেলিভারীর ব্যবস্থা করা হবে। |
| ৫। MPB ইয়ার্ডে Runing Delivery Certify | সিএন্ডএফ এজেন্ট এর প্রতিনিধিগণ অভিযোগ করেন যে, Container Full না হওয়া পর্যন্ত এমপিবি ইয়ার্ডে Runing Delivery Certify করা হয় না। ফলে লোড করা গাড়ী গুলো দাঁড়িয়ে থাকতে হয়। এ বিষয়ে তারা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | এটিএম (শিঃ ইঃ)চবক এ বিষয়ে Runing Delivery Certify করার জন্য সংশ্লিষ্ট ইয়ার্ডকে নির্দেশনা দিবেন। |
| ৬। ডিপো কন্টেইনার ডেলিভারী প্রসংগে। | ডিপো কন্টেইনারগুলো নির্ধারিত ফ্রি টাইমের মধ্যে ডিপোতে যায় না। এ জন্য ফ্রি টাইম অতিক্রান্ত হওয়া ডেমারেজ দিতে হয়। | ডিপো কন্টেইনারগুলো আরো Early কিভাবে ডিপোতে যায়, সে জন্য আরো বড় ফোরামে ডিপোগুলোর সাথে আলোচনা করা হবে। কারণ নির্ধারিত সময়ে ডিপোর কন্টেইনারগুলো না গেলে বন্দরেরও জায়গার সংকট হয়। |
| ৭। ক্রেন ও FLT প্রসংগেঃ | ক্রেন ও হাইষ্টার যথা সময়ে পাওয়া যায় না। এতে মালামাল ডেলিভারী দিতে সমস্যা হয়।এ সমস্যা সমাধানের জন্য তারা অনুরোধ জানান এবং মেকানিক্যাল বিভাগের কর্মকর্তাকেও এ জাতীয় সভায় উপস্থিত রাখা যায় কিনা তাও দেখা যেতে পারে মর্মে তারা মত প্রকাশ করেন। | পরবর্তী সভা সমূহে যান্ত্রিক বিভাগের প্রতিনিধি রাখা হবে। |
| ৮। ক্রেন ও FLT অপারেটর প্রসংগেঃ | ক্রেন ও হাইষ্টার এর অপারেটর ষ্ট্যান্ডবাই ডিউটিতে থাকে না। কাজ না থাকায় তারা চলে যায় মর্মে জানানো হয়। পরবর্তীতে তাদেরকে ডেকে আনা হয়। এতে ডেলিভারী দিতে সমস্যা হয়। | ক্রেন ও FLT এর অপারেটর যাদেরকে বুকিং দেয়া হয়েছে তারা যাতে ষ্ট্যান্ডবাই ডিউটিতে থাকে সে জন্য যান্ত্রিক বিভাগকে পত্র দেয়া হবে। |
| ৯। ৫০০০/-(পাঁচ হাজার) টাকা পর্যন্ত নগদে ব্যাংকে জমা করা। | অতীতে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা পর্যন্ত নগদে ব্যাংকে জমা দেয়া যেত। কিন্তু সিএফএন্ডও এর একটি অর্ডারের কারনে বর্তমানে নগদে ব্যাংকে টাকা জমা দেয়া যায় না। কিন্তু তাৎক্ষনিকভাবে ২/১ হাজার টাকার পে-অর্ডার করা সম্ভব হয় না। এতে ডেলিভারী দিতে সমস্যা হয়। | এ বিষয়ে আলোচনা হয়েছে। পূর্বের ন্যায় নগদে ব্যাংকে টাকা জমা দেয়া যাবে। |
| ১০। সাইফ পাওয়ার টেক কর্তৃক কন্টেইনার Placement এর জন্য অর্থ চাওয়া প্রসংগে। | যে সকল কন্টেইনার টু-হাইতে এসাইনমেন্ট দেয়া হয় সে সকল কন্টেইনার Placement এর জন্য সাইফ পাওয়ার টেক কর্তৃক অতিরিক্ত অর্থ আদায় করা হয়। | কন্টেইনার Placement এর জন্য এর জন্য সাইফ পাওয়ার টেক চুক্তির বাইরে কোন টাকা চাইতে পারবে না। |
| ১১। মালামাল খোলা অবস্থায় রেখে চলে যাওয়া | অনেক সময় কাস্টমস্ কর্তৃক আটকের পর সীল-গালা না করে কন্টেইনার খোলা অবস্থায় রেখে সংশ্লিষ্ট জেটি সরকার কাস্টমস এ দেনদরবারের জন্য চলে যায়। তাছাড়া ডেলিভারীর সময়ও কন্টেইনারের অর্ধেক মালামাল ডেলিভারী দিয়ে গাড়ির অভাবে বাকি অর্ধেক মালামাল রেখে চলে যায়। | সি এন্ড এফ এজেন্ট এসোসিয়েশন তাদের সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা দিবেন। |
| ১২। মনিটরিং কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানঃ | - | এটিএম (সিঃএন্ডঃইঃ) নিয়মিত এ সভা করবেন। |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় পরিচালক (পরিবহন), চবক সভায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-টিএম/শিপিং/বার্থ অপারেটর কার্য্যক্রম/১১

তারিখ:-০৭.০৪.২০১৩ইং।